

# ন্যায্য আবাসন

## সকলেরন জন্যন সমান সুযোগ



**মার্কিন যুক্তরাষ্ট্রের আবাসন ও নগরোন্নয়ন বিভাগ**
ন্যায্য আবাসন ও সমান সুযোগ দপ্তর

U.S. DEPARTMENT OF HOUSING AND URBAN DEVELOPMENT

দয়া করে আমাদের ওয়েবসাইট দেখুনঃ www.hud.gov/fairhousing

EQUAL HOUSING OPPORTUNITY

Bengali





# ন্যায্য আবাসন - সকলের জন্য সমান সুযোগ

মার্কিন যুক্তরাষ্ট্র, সমস্ত ক্ষেত্রেই, সমস্ত ব্যক্তির সমান সুযোগের প্রতিনিধিত্ব করে। এই দেশের সমৃদ্ধশালী বৈচিত্র এবং সকলকে জুড়ে রাখা আমাদের ঐক্যের মনোভাব এ দেশের স্বাধীনতা ও ন্যায়পরায়ণতার প্রতীক, ঠিক যার উপর ভিত্তি করে দেশটি গড়ে উঠেছিল। আর এই কারণেই যখন কোন নতুন অভিবাসীকে, সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষকে, শিশু-সহ পরিবারকে এবং বিকলাঙ্গ ব্যক্তিদেরকে বেআইনি বৈষম্যের কারণে তাঁদের পছন্দ মতো বাসস্থান না দেওয়া হয় তখন সেটি আমাদের কাছে অত্যন্ত বিরক্তির বষয় হয়ে দাঁড়ায়।

আবাসন ও নগরোন্নয়ন বিভাগ (এইচইউডি) ন্যায্য আবাসন আইন বলবত্ করেছে, যা লোকেদের সঙ্গে বৈষম্য ও তাঁদের বাড়িতে, ভবনের কামরায় এবং সহাধিকার বিকাশের ক্ষেত্রে ভীতিপ্রদর্শনকে নিষিদ্ধ করে--যা প্রায় সমস্ত রকমের আবাসন সংক্রান্ত লেনদেনের ক্ষেত্রে প্রযোজ্য এবং যার মধ্যে বাড়ি ভাড়া দেওয়া ও বিক্রি করা এবং বন্ধকী ঋণ প্রদানের ক্ষেত্রগুলিও অন্তর্ভুক্ত।

এই দেশের এই কেন্দ্রীয় আবাসন নীতির ভিত্তি-প্রস্তর হচ্ছে বাড়ি ভাড়ায় নেওয়া বা বাড়ির মালাকানার সুযোগ পাবার ক্ষেত্রে সমানাধিকার প্রদান। যে সমস্ত আবাসন প্রদানকারীরা বাড়ি ভাড়া দেবার বা বিক্রি করার ক্ষেত্রে জাতি, বর্ণ, বংশোদ্ভুত দেশ, ধর্ম, লিঙ্গ, পারিবারিক অবস্থা অথবা অক্ষমতার নিরীখে ভেদাভেদ করে তারা কেন্দ্রীয় সরকারের আইন উল্লঙ্ঘন করছেন এবং এইচইউডি তাদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক পদক্ষেপ গ্রহণ করবে।

আবাসন সংক্রান্ত বৈষম্য শুধু বেআইনিই নয়, এটি সব ক্ষেত্রেই স্বাধীনতা ও সুযোগের নীতির বিরুদ্ধাচরণও বটে যা আমাদের, মার্কিন যুক্তরাষ্ট্রবাসীদের সম্পদ। বাড়ির সন্ধান করার সময় সকলের সঙ্গে যাতে সমানাচরণ করা হয় তা নিশ্চিত করার ব্যাপারে এইচইউডি বদ্ধপরিকর।

## Contents


ন্যায্য আবাসন আইন ........ 1
আবাসনের মধ্যে কোন কোনগুলি অন্তর্ভুক্ত? ........ 1
কী নিষিদ্ধ করা হয়? ........ 1
আপনার অক্ষমতা থাকলে তার জন্য অতিরিক্ত রক্ষাকবচ ........ 3
শিশু আছে এমন পরিবারগুলির জন্য আবাসনগত রক্ষাকবচ ........ 4
আপনার যদি মনে হয় যে, আপনার অধিকার খর্ব করা হচ্ছে ........ 6
আপনি একটি অভিযোগ দায়ের করার পর কী হবে? ........ 9
যদি এমনটি হয় যে, উচ্ছেদ বা বিক্রির মাধ্যমে আমাকে আমার আবাসন হারাতে হতে চলেছে তাহলে কী হবে? ........ 11
একটি অভিযোগের তদন্ত শেষ হবার পর কী হবে? ........ 11
সেই সঙ্গে ........ 13



**মার্কিন যুক্তরাষ্ট্রের আবাসন ও নগরোন্নয়ন বিভাগ (এইচইউডি)**
**451 7th Street, S.W., Washington, D.C. 20410-2000**







## ন্যায্য আবাসন আইন

ন্যায্য আবাসন আইন নিম্নোক্ত কারণে আবাসনের ক্ষেত্রে বৈষম্য নিষিদ্ধ করেঃ

- জাতি বা বর্ণ
- বংশোদ্ভুত দেশ
- ধর্ম
- লিঙ্গ
- পারিবারিক অবস্থা (এর মধ্যে বাবা-মায়ের সঙ্গে বা আইনি অভিভাবকদের সঙ্গে বসবাসরত 18 বছরের কম শিশু গর্ভবতী মহিলা এবং 18 বছরের কম বয়ীস শিশুদের হেফাজত নিশ্চিতকারী লোকেরাও অন্তর্ভুক্ত)
- অক্ষমতা

## আবাসনের মধ্যে কোন কোনগুলি অন্তর্ভুক্ত?

ন্যায্য আবাসনের মধ্যে বেশিরভাগ আবাসনগুলিই অন্তর্ভুক্ত। কিছু কিছু পরিস্থিতিতে, এই আইন অন্যূন চার এককযুক্ত মালিকানা-দখলী ভবনগুলিকে, দালাল ছাড়া একক-পরিবারের ভাড়া দেওয়া বা বিক্রি করা আবাসন এবং বিভিন্ন সংগঠন বা বেসরকারি ক্লাবগুলির দ্বারা পরিচালিত আবাসন, যেগুলিতে বসবাসের বিষয়টি সদস্যদের মধ্যেই সীমাবদ্ধ থাকে, ছাড় দিয়ে থাকে।

## কী নিষিদ্ধ করা হয়?

**আবাসন বিক্রি ও ভাড়া দেবার ক্ষেত্রেঃ** জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, অক্ষমতা, পারিবারিক অবস্থা বা বংশোদ্ভুত দেশের ভিত্তিতে কেউই নিম্নোক্ত পদক্ষেপগুলির কোনটি গ্রহণ করতে পারে নাঃ

- আবাসন বিক্রি বা ভাড়া প্রত্যাখ্যান করা
- আবাসনের জন্য মধ্যস্থতা প্রত্যখ্যান করা
- আবাসন অনুপলভ্য করা
- অন্যভাবে বসবাস প্রত্যাখ্যান করা
- একটি বাড়ির বিক্রি বা ভাড়ার জন্য আলাদা আলাদা শর্তাবলী ও সুবিধা আরোপ করা
- আলাদা আলাদা আবাসন পরিষেবা বা সুযোগসুবিধা প্রদান করা
- কোন আবাসন পরিদর্শন, বিক্রি বা ভাড়া নেই বলে মিথ্যে কথা বলে প্রত্যাখ্যান করা





- লাভের জন্য, কোন একটি নির্দিষ্ট জাতি ইত্যাদির লোকেরা প্রতিবেশী অঞ্চলে চলে গেছে বা যেতে চলেছে এই ভয় দেখিয়ে বাড়ির মালককে বাড়ি বিক্রি করতে বা ভাড়া দিতে প্ররোচিত করা বা করতে চেষ্টা করা (ব্লকবাস্টিং) অথবা
- কোন ব্যক্তির কোন সংগঠনে, কোন সুবিধায় বা কোন পরিষেবায় (যেমন একাধিক তালিকাভুক্ত পরিষেবাসমূহ) প্রবেশ বা সদস্যতা পাওয়া প্রত্যাখ্যান করা যা কোন বাড়ি বিক্রি বা ভাড়া দেবার সঙ্গে যুক্ত অথবা ওই ধরনের প্রবেশাধিকার যাতে নির্দিষ্ট কোন ব্যক্তি না পায় তার জন্য সদস্যতা বা অংশগ্রহণের শর্তাবলী আরোপের ক্ষেত্রে বৈষম্য করা।

**বন্ধকী ঋণের ক্ষেত্রেঃ** জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, অক্ষমতা, পারিবারিক অবস্থা বা বংশোদ্ভুত দেশের ভিত্তিতে কেউই নিম্নোক্ত পদক্ষেপগুলির কোনটি গ্রহণ করতে পারে নাঃ

- বন্ধকী ঋণ প্রত্যাখ্যান করা
- ঋণ সংক্রান্ত তথ্যাবলী দিতে অস্বীকার করা
- ঋণের উপর আলাদা আলাদা শর্তাবলী আরোপ করা, যেমন আলাদা সুদের হার, পয়েন্ট বা আলাদা ফী ইত্যাদি
- সম্পত্তির মূল্য নির্ণয়ে ভেদাভেদ করা
- ঋণ কিনতে অস্বীকার করা অথবা
- একটি ঋণ কেনার ক্ষেত্রে আলাদা আলাদা শর্তাবলী চাপানো।
- সেই সঙ্গে, নিম্নোক্ত বিষয়গুলিও ন্যায্য আবাসন আইনের উল্লঙ্ঘনঃ
- ন্যায্য আবাসনের অধিকারকে কাজে লাগাচ্ছেন বা অন্য কোন ব্যক্তিকে তাতে সাহায্য করছেন এমন যে কোন ব্যক্তিকে ভয় দেখানো, বাধ্য করা, হুমকি দেওয়া বা তাঁর কাজে হস্তক্ষেপ করা
- বাড়ি বিক্রি বা ভাড়া দেওয়া সংক্রান্ত বিষয়ে কোন মন্তব্য করা, তা ছাপানো বা প্রকাশ করা যা থেকে জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, অক্ষমতা, পারিবারিক অবস্থা বা বংশোদ্ভুত দেশ ভিত্তিক কোন রকম অগ্রাধিকার, সীমাবদ্ধতা বা বৈষম্য প্রকাশ পায়। এই ধরনের বৈষম্য বিরোধী বাধা-নিষেধগুলি একক পরিবার তথা মালিকানা-ভিত্তিক আবাসন উভয়ের ক্ষেত্রেই প্রযোজ্য যারা অন্যথায় ন্যায্য আবাসন আইনে এর আওতার বাইরে তাদের ছাড়া
- কোন বাড়ির মালিককে এবং/অথবা কোন বাড়ির ভোগদখলকারীকে তাঁর জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, অক্ষমতা, পারিবারিক অবস্থা বা বংশোদ্ভুত দেশের কারণে গৃহস্বামীর বিমা প্রকল্প দিতে অস্বীকার করা
- কোন বাড়ির মালিককে এবং/অথবা কোন বাড়ির ভোগদখলকারীকে তাঁর জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, অক্ষমতা, পারিবারিক অবস্থা বা বংশোদ্ভুত দেশের কারণে গৃহস্বামীর বিমা প্রকল্পের শর্তাবলীতে ফের-বদল করা





- কোন বাড়ির মালিককে এবং/অথবা কোন বাড়ির ভোগদখলকারীকে তাঁর জাতি ইত্যাদির কারণে গৃহস্বামীর বিমা প্রকল্প সংক্রান্ত উপলভ্য তথ্যাবলী দিতে অস্বীকার করা
- গৃহস্বামীর বিমা প্রকল্পের সংস্থানসমূহ সংক্রান্ত বিষয়ে কোন মন্তব্য করা, তা ছাপানো বা প্রকাশ করা যা থেকে জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, অক্ষমতা, পারিবারিক অবস্থা বা বংশোদ্ভুত দেশ ভিত্তিক কোন রকম অগ্রাধিকার, সীমাবদ্ধতা বা বৈষম্য প্রকাশ পায়।

## আপনার অক্ষমতা থাকলে তার জন্য অতিরিক্ত রক্ষাকবচ

আপনার বা আপনার সঙ্গে সম্পর্কযুক্ত কেউ যদিঃ

- শারীরিক বা মানসিকভাবে অক্ষম হন (শ্রবণ, গতিবিধি এবং দৃষ্টিশক্তির অক্ষমতা, ক্যানসার, দূরারোগ্য মানসিক অসুস্থতা, এইচআইভি/এইডস বা মানসিক প্রতিবন্ধকতা এর অন্তর্ভুক্ত), যা তাঁর স্বাভাবিক জীবনচর্যার এক বা একাধিক গতিবিধিকে উল্লেখযোগ্যভাবে সীমাবদ্ধ করে
- এই ধরনের অক্ষমতার প্রামাণ্য নথি থাকে অথবা
- এই ধরনের অক্ষমতা আছে বলে মনে করা হয়, তাহলে একজন আবাসন প্রদানকারী যা যা করতে পারেন না তা হলঃ

  - আপনার বাড়ি বা সাধারণ ব্যবহারস্থলকে নিজের খরচায় প্রয়োজন মতো ফের-বদল করে নিতে দিতে অস্বীকার করা, তা যদি বাসভবনটিকে আপনার সুবিধা মতো ব্যবহার করার জন্য প্রয়োজন হয়। (যেখানে সঙ্গত হবে, বাড়ির মালিককে এই শর্তে এই ধরনের ফের-বদলের অনুমতি দিতেই হবে যে, আপনি যখন আবার এই বাড়ি ছেড়ে অন্যত্র চলে যাবেন তখন একে আগের অবস্থায় ফিরিয়ে দিতে রাজি থাকেন।)
  - আপনাকে যদি একজন অক্ষম ব্যক্তির মতো করে বাড়ি ব্যবহার করতে হয়, তাহলে তার প্রোজন মতো করে আপনার আপনাকে ব্যবস্থা করে দেবার জন্য আইন, নীতি, পদ্ধতি বা পরিষেবা দিতে অস্বীকার করা।

**উদাহরণঃ** যে বাড়িতে “পোষ্য রাখা চলবে না” নীতি প্রযোজ্য তা যদি কোন দৃষ্টিশক্তির বিকলত্বযুক্ত ব্যক্তিকে ভাড়া দেওয়া হয় সেক্ষেত্রে তাঁর জন্য তাঁকে পথপ্রদর্শনকারী কুকুরকে নিয়ে থাকার অনুমতি দিতে হবে।

**উদাহরণঃ** যে আবাসনে পর্যপ্ত, অনির্ধারিত গাড়ি রাখার জায়গা প্রদান করা হয় সেখানে একজন গতিবিধগত বিকলত্বযুক্ত ব্যক্তির তাঁর কামরার কাছে একটি স্থান সংরক্ষিত করে রাখার অনুরোধকে স্বীকৃতি দিতে হবে যদি তাতে এটি নিশ্চিত করা যায় যে তার ফলে তিনি সহজেই তাঁর কামরায় প্রবেশ করতে পারবেন।





তবে, ন্যায্য আবাসন আইন সেই ব্যক্তির জন্য কোন রক্ষাকবচ দেয় না যিনি সরাসরি অন্যদের স্বাস্থ্য ও নিরাপত্তা বিঘ্নিত করতে পারেন অথবা বর্তমানে বেআইনি মাদক সেবন করেন।

**নতুন বহু-পারিবারিক ভবনে প্রবেশ সংক্রান্ত আবশ্যকতাসমূহঃ** যে সমস্ত ভবনগুলিতে চার বা তার বেশি সংখ্যক বিভাগ রয়েছে এবং যেগুলিতে 13ই মার্চ 1991-এর পর বসবাস করা শুরু হয়েছে, এবং যেগুলিতে একটি এলিভেটর লাগানো রয়েছেঃ

- সাধারণের জন্য ও সবার জন্য ব্যবহার্য স্থানগুলিতে অক্ষম ব্যক্তিদের যাতায়াতের পর্যাপ্ত সুবিধা থাকতে হবে
- সমস্ত দরজা ও চলাচলের পথগুলি হুইলচেয়ার নিয়ে যাবার মতো পর্যাপ্ত চওড়া হতে হবে
- সমস্ত বিভাগগুলিতেইঃ
    - ওই বিভাগে প্রবেশ ও প্রস্থানের অধিগম্য পথ থাকতে হবে
    - লাইটের সুইট, বৈদ্যুতিক নির্গমনল, থার্মোস্ট্যাট এবং অন্যান্য পরিবেশ বিষয়ক নিয়ন্ত্রণ ব্যবস্থা থাকতে হবে
    - দৃঢ়ীকৃত বাথরুমের দেওয়াল যেগুলিতে পরবর্তীতে ভর দিয়ে চলার জন্য দণ্ড লাগানো যেতে পারে এবং
    - সেই ধরনের রান্নাঘর ও বাথরুম যেগুলি হুইলচেয়ার ব্যবহারকারী ব্যক্তিরা ব্যবহার করতে পারেন।

চার বা তার বেশি বিভাগ সম্বলিত কোন ভবনের যদি এলিভেটর না থাকে এবং তাতে 13ই মার্চ 1991-এর পর বসবাস করা শুর হয়ে থাকে, তাহলে এই মানদণ্ডগুলি শুধুমাত্র সেগুলির নিচের তলার ক্ষেত্রেই প্রযোজ্য হবে।

নতুন বহু-পারিবারিক ভবনগুলিতে প্রবেশের এই আবশ্যকতাগুলিকে রাজ্য বা স্থানীয় আইনি আবশ্যকতা অনুযায়ী প্রবেশের আরও কঠিন মানদণ্ড দ্বারা প্রতিস্থাপিত করে না।

## শিশু আছে এমন পরিবারগুলির জন্য আবাসনগত রক্ষাকবচ

ন্যায্য আবাসন আইনে সেই সমস্ত ব্যক্তির সঙ্গে বৈষম্যমূলক আচরণ করাকে বেআইনি বলে উল্লেখ করেছে যাঁর বাড়িতে 18 বছের কম বয়সী শিশু রয়েছে (পারিবারিক অবস্থা)। পারিবারিক অবস্থাগত রক্ষাকবচ সেই সমস্ত পরিবারগুলিকে প্রদান করা হয় যেখানে এক বা একাধিক নাবালক শিশুঃ

- তাদের বাবা-মায়ের সঙ্গে বসবাস করে;
- সেই ব্যক্তির সঙ্গে বসবাস করে যাঁর কাছে এক বা একাধিক নাবালক শিশুর আইনি হেফাজত রয়েছে; অথবা





- সেই দায়িত্বপ্রাপ্ত অভিভাবেক বা আইনি জিম্মাদারের সঙ্গে বসবাস করে যাঁর কাছে উক্ত শিশুর বাবা-মা বা আইনি জিম্মাদারের তরফে লিখিত অনুমতি রয়েছে।

পারিবারিক অবস্থার রক্ষাকবচ গর্ভবতী মহিলা ও সেই সমস্ত ব্যক্তিদের জন্য প্রসারিত রয়েছে যাঁরা কোন নাবালক শিশুর হেফাজক নেবার প্রক্রিয়া সম্মন্ন করার পর্যায়ে রয়েছেন (পালক বা সত্ বাবা-মা সহ)।

**“প্রবীণ নাগরিকদের আবাসন” সংক্রান্ত ব্যতিক্রমঃ** ন্যায্য আবাসন আইনে নির্দিষ্ট করে কিছু প্রবীণ নাগরিকদের আবাসন ব্যবস্থা ও সম্প্রদায়কে পারিবারিক অবস্থাগত বৈষম্যের দায়বদ্ধতা থেকে মুক্তি দিয়েছে। ছাড়প্রাপ্ত প্রবীণ নাগরিকদের আবাসন ব্যবস্থা বা সম্প্রদায় নাবালক শিশু আছে এমন পরিবারগুলিকে বাড়ি বিক্রি করতে বা ভাড়া দিতে আইনত অস্বীকার করতে পারে। “প্রবীণ নাগরিকদের আবাসন” সংক্রান্ত ব্যতিক্রমের যোগ্য হওয়ার জন্য উক্ত ব্যবস্থা বা সম্প্রদায়কে অবশ্যই প্রমাণ করতে হবে যে এরঃ

- কোন রাজ্য বা কেন্দ্রীয় সরকারের কর্মসূচির অধীনে প্রদত্ত যাকে এইচইউডি বিশেষভাবে প্রবীণ নাগরিকদের সহায়তার জন্য পরিকল্পিত ও পরিচালিত করবে বলে মনস্থির করবে (যেমনটি রাজ্য বা কেন্দ্রীয় সরকারের কার্যক্রমে উল্লেখ আছে); অথবা
- 62 বছর বা তার বেশি বয়সী প্রবীণ নাগরিকদের জন্য উদ্দিষ্ট করে এবং সম্পূর্ণরূপে তাদের দ্বারা ভোগদখলকৃত; অথবা
- 55 বছর বা তার বেশি বয়সী প্রবীণ নাগরিকদের জন্য উদ্দিষ্ট করে এবং সম্পূর্ণরূপে তাদের দ্বারা ভোগদখল হবে বলে পরিচালিত।

**“55 বছর বা তার বেশি বয়সী”** -দের আবাসন সংক্রান্ত ব্যতিক্রমের যোগ্য হওয়ার জন্য উক্ত ব্যবস্থা বা সম্প্রদায়কে অবশ্যই নিম্নোক্ত আবশ্যকতাগুলিকে পূরণ করতে হবেঃ

- অন্তত 80 শতাংশ বিভাগগুলিতে অন্তত একজন করে 55 বছর বা তার বেশি বয়সী প্রবীণ নাগরিক ভোগদখলকারী থাকতে হবে; এবং
- সংশ্লিষ্ট ব্যবস্থা বা সম্প্রদায়কে অবশ্যই সেই সমস্ত নীতি ও পদ্ধতিসমূহ প্রকাশ করতে হবে এবং মেনে চলতে হবে যেগুলি “55 বছর বা তার বেশি বয়সী”-দের আবাসন চালানোর অভিপ্রায় প্রদর্শিত করে; এবং
- সংশ্লিষ্ট ব্যবস্থা বা সম্প্রদায়কে নাগরিকদের বয়সের প্রমাণ যাচাইকরণের জন্য এইচইউডি দ্বারা নির্ধারিত আবশ্যকতাগুলিকে অবশ্যই পালন করতে হবে।

“প্রবীণ নাগরিকদের জন্য আবাসন” সংক্রান্ত ব্যতিক্রম কিন্তু সেই সমস্ত প্রবীণ নাগরিকদের আবাসন ব্যবস্থা বা সম্প্রদায়গুলির জন্য আবাসনগত বৈষম্যের দায়বদ্ধতা থেকে রক্ষাকবচ দেয় না যে বৈষম্যগুলি জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, অক্ষমতা বা বংশোদ্ভুত দেশের ভিত্তিতে ভেদাভেদ করে।





আবাসনগত বৈষম্যের যে কোন রকমের সমস্যার জন্য এইচইউডি সর্বদা সাহায্যের জন্য প্রস্তুত। আপনার যদি মনে হয় যে, আপনার অধিকার খর্ব করা হচ্ছে, আপনি এইচইউডি-র দপ্তরে অনলাইনে একটি অভিযোগ দায়ের করতে পারেন, আপনার নিকটবর্তী এইচইউডি-র দপ্তরে একটি চিঠি পাঠাতে পারেন অথবা টেলিফোন করেও জানাতে পারেন। এইচইউডি-তে একটি অভিযোগ জানানোর জন্য আপনার সঙ্গে বৈষম্যমূলক আচরণের ঘটনা ঘটার তারিখ থেকে বা তা শেষ হওয়ার তারিখ থেকে পরবর্তী এক বছর পর্যন্ত আপনার হাতে সময় থাকে, কিন্তু এ ধরনের অভিযোগ যত দ্রুত সম্ভব দায়ের করা উচিত্।

## আপনার যদি মনে হয় যে, আপনার অধিকার খর্ব করা হচ্ছে

**এইচইউডি-কে কী কী জানাবেনঃ**

- আপনার নাম ও ঠিকানা
- যে ব্যক্তির বিরুদ্ধে আপনার অভিযোগ তাঁর নাম ও ঠিকানা (বিবাদী পক্ষ)
- আবাসনের ঠীকানা বা অন্যান্য পরিচিতির মধ্যে পড়ে
- কথিত উল্লঙ্ঘনের একটি সংক্ষিপ্ত বিবরণ (সেই ঘটনা যা থেকে আপনার এই বিশ্বাস জন্মেছে যে আপনার অধিকার খর্ব করা হয়েছে)
- কথিত উল্লঙ্ঘনের তারিখ(সমূহ)।

**কোথায় লিখবেন বা কল করবেনঃ** অনলাইনে অভিযোগ দায়ের করুন, আপনার নিকটবর্তী এইচইউডি দপ্তরে একটি চিঠি লিখুন অথবা আপনি চাইলে, উক্ত দপ্তরে সরাসরি ফোনও করতে পারেন। যে সমস্ত ব্যক্তি বধির বা শ্রবণশক্তি দুর্বল এবং টিটিওয়াই ব্যবহার করছেন, তাঁরা কেন্দ্রীয় সরকারের নিঃশুল্ক তথ্য সম্প্রচার পরিষেবা ব্যবহার করতে পারেন এই নম্বরে 1-800-877-8339।

*কানেক্টিকাট, মেইন, ম্যাসাচুসেটস, নিউ হ্যামস্ফায়ার, রোড আইল্যান্ড এবং ভারমন্টের জন্যঃ*
**বোস্টন আঞ্চলিক কার্যালয়**
(Complaints_office_01@hud.gov)
U.S. Department of Housing and Urban Development
Thomas P. O'Neill Jr. Federal Building
10 Causeway Street, Room 321
Boston, MA 02222-1092
টেলিফোন (617) 994-8300 বা 1-800-827-5005
ফ্যাক্স (617) 565-7313 * TTY (617) 565-5453

*নিউ জার্সি, নিউ ইয়র্ক, পোয়েত্তো রিকো এবং ইউ.এস. ভার্জিন দ্বীপপুঞ্জের জন্যঃ*
**নিউ ইয়র্ক আঞ্চলিক কার্যালয়**
*(Complaints_office_02@hud.gov)*





*U.S. Department of Housing and Urban Development*
*26 Federal Plaza, Room 3532*
*New York, NY 10278-0068*
*টেলিফোন (212) 542-7519 বা 1-800-496-4294*
*ফ্যাক্স (212) 264-9829 * TTY (212) 264-0927*

*ডেলাওয়ারের, ক্যালিফোর্নিয়া জিলা, মেরিল্যান্ড, পেনসিলভেনিয়া, ভার্জিনিয়া এবং পশ্চিম ভার্জিনিয়ার জন্যঃ*

**ফিলাডেলফিয়া আঞ্চলিক কার্যালয়**
(Complaints_office_03@hud.gov)
U.S. Department of Housing and Urban Development
The Wanamaker Building
100 Penn Square East
Philadelphia, PA 19107-9344
টেলিফোন (215) 861-7646 বা 1-888-799-2085
ফ্যাক্স (215) 656-3449 * TTY (215) 656-3450

*অ্যালবামা, ফ্লোরিডা, জর্জিয়া, কেন্টাকি, মিসিসিপি, উত্তর ক্যারোলাইনা, দক্ষিণ ক্যারোলাইনা এবং টেনিসির জন্যঃ*

**আটলান্টা আঞ্চলিক কার্যালয়**
(Complaints_office_04@hud.gov)
U.S. Department of Housing and Urban Development
Five Points Plaza
40 Marietta Street, 16th Floor
Atlanta, GA 30303-2808
টেলিফোন (404) 331-5140 বা 1-800-440-8091 x2493
ফ্যাক্স (404) 331-1021 * TTY (404) 730-2654

*ইলিনয়, ইন্ডিয়ানা, মিশিগান, মিনেসোটা, ওহায়ো এবং উইসকনসিনের জন্যঃ*

**শিকাগো আঞ্চলিক কার্যালয়**
(Complaints_office_05@hud.gov)
U.S. Department of Housing and Urban Development
Ralph H. Metcalfe Federal Building
77 West Jackson Boulevard, Room 2101
Chicago, IL 60604-3507
টেলিফোন 1-800-765-9372
ফ্যাক্স (312) 886-2837 * TTY (312) 353-7143





*আর্কানাস, লুইজিয়ানা, নিউ মেক্সিকো, ওকলাহোমা এবং টেক্সাসের জন্যঃ*

**ফোর্ট ওয়র্থ আঞ্চলিক কার্যালয়**

*(Complaints_office_06@hud.gov)*
U.S. Department of Housing and Urban Development
801 Cherry Street
Suite 2500, Unit #45
Fort Worth, TX 76102-6803
টেলিফোন (817) 978-5900 বা 1-888-560-8913
ফ্যাক্স (817) 978-5876/5851 * TTY (817) 978-5595

*লোওয়া, কানসাস, মিসৌরি এবং নেব্রাস্কার জন্যঃ*

**কানসাস সিটি আঞ্চলিক কার্যালয়**

*(Complaints_office_07@hud.gov)*
*U.S. Department of Housing and Urban Development*
*Gateway Tower II*
*400 State Avenue, Room 200, 4th Floor*
*Kansas City, KS 66101-2406*
*টেলিফোন (913) 551-6958 বা 1-800-743-5323*
*ফ্যাক্স (913) 551-6856 * TTY (913) 551-6972*

*কোলোরাডো, মন্টানা, উত্তর ডাকোটা, দক্ষিণ ডাকোটা, উটাহ্ এবং উওমিংয়ের জন্যঃ*

**ডেনভার আঞ্চলিক কার্যালয়**

*(Complaints_office_08@hud.gov)*
U.S. Department of Housing and Urban Development
1670 Broadway
Denver, CO 80202-4801
টেলিফোন (303) 672-5437 বা 1-800-877-7353
ফ্যাক্স (303) 672-5026 * TTY (303) 672-5248

*অ্যারিজোনা, ক্যালিফোর্নিয়া, হাওয়াই এবং নেভাদার জন্যঃ*

**সান ফ্রান্সিস্কো আঞ্চলিক কার্যালয়**

(Complaints_office_09@hud.gov)
U.S. Department of Housing and Urban Development
600 Harrison Street, Third Floor
San Francisco, CA 94107-1387
টেলিফোন 1-800-347-3739
ফ্যাক্স (415) 489-6558 * TTY (415) 489-6564





*আলাস্কা, ইডাহো, ওরেগন এবং ওয়াশিংটনের জন্যঃ*
**সিয়াটল আঞ্চলিক কার্যালয়**
*(Complaints_office_10@hud.gov)*
U.S. Department of Housing and Urban Development
Seattle Federal Office Building
909 First Avenue, Room 205
Seattle, WA 98104-1000
টেলিফোন (206) 220-5170 বা 1-800-877-0246
ফ্যাক্স (206) 220-5447 * TTY (206) 220-5185

আপনার নিকটবর্তী স্থানীয় কার্যালয়ে যোগযোগ করার পরও যদি আপনার প্রশ্ন থেকে যায়--তাহলে আপনি আবারও এইচইউডি-র সঙ্গে এখানে যোগাযোগ করতে পারেনঃ

U.S. Department of Housing and Urban Development
Office of Fair Housing and Equal Opportunity
451 7th Street, S.W., Room 5204
Washington, DC 20410-2000
টেলিফোন 1-800-669-9777
ফ্যাক্স (202) 708-1425 * TTY 1-800-927-9275
www.hud.gov/fairhousing

**আপনি যদি বিকলাঙ্গ হনঃ** সেক্ষেত্রেও এইচইউডি যা যা দেয়ঃ

- বধির/দুর্বল শ্রবণশক্তির ব্যবহারকারীদের জন্য টিটিওয়াই ফোন (নিকটবর্তী এইচইউডি কার্যালয়ের জন্য উপরের তালিকা দেখুন)
- দোভাষী, টেপ এবং ব্রেইল সামগ্রী
- ফর্মগুলি পড়া ও পূরণ করায় সহায়তা

## আপনি একটি অভিযোগ দায়ের করার পর কী হবে?

আপনার অভিযোগটি যখন ন্যায্য আবাসন আইনের অধীনে গৃহীত হবে তখন এইচইউডি-র তরফে আপনি একটি লিখিত প্রাপ্তিস্বীকারসূচক বিজ্ঞপ্তি পাবেন। এইচইউডি আরও যা যা করবেঃ

- আপনার দায়ের করা অভিযোগ সম্পর্কে অভিযুক্ত উল্লঙ্ঘনকারীকে (বিবাদী পক্ষকে) জানাবে এবং এই অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁকে লিখিত উত্তর দেবার জন্য সময় দেবে।





- আপনার অভিযোগ তদন্ত করে দেখবে এবং অভিযুক্ত যে ন্যায্য আবাস আইনের উল্লঙ্ঘন করেছেন এমনটি বিশ্বাস করার মতো যুক্তিসঙ্গত কারণ রয়েছে কিনা সে ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করবে।
- অভিযোগ দায়ের করার তারিখ থেকে পরবর্তী 100 দিনের মধ্যে যদি এইচইউডি তাদের তদন্ত সম্পূর্ণ না করে উঠতে পারে তাহলে আপনাকে ও বিবাদী পক্ষকে তা জানাবে এবং এই বিলম্বের কারণ সম্পর্কেও তাতে উল্লেখ থাকবে।

**ন্যায্য আবাসন আইনে মীমাংসাঃ** অভিযোগের তদন্ত চলাকালীন এইচইউডি আপনাকে ও বিবাদী পক্ষকে একটি মীমাংসা চুক্তির মাধ্যমে স্বেচ্ছায় আপনার অভিযোগের সুরাহা করার সুযোগ দেবে।

এই মীমাংসা চুক্তি বিবাদী পক্ষকে ভবিষ্যতে এধরনের বৈষম্যমূলক কাজ করা থেকে নিবৃত্ত করে আপনাকে ব্যক্তিগতভাবে স্বস্তি দেবে এবং জনস্বার্থ রক্ষা করবে। আপনি এবং বিবাদী পক্ষ উভয়েই এই মীমাংসা চুক্তিতে স্বাক্ষর করলে এবং এইচইউডি তাকে অনুমোদিত করলে, এইচইউডি-র তরফে অভিযোগের তদন্ত বন্ধ করে দেওয়া হবে। আপনার যদি বিশ্বাস জন্মায় যে, বিবাদী পক্ষ আপনার মীমাংসা চুক্তির উল্লঙ্ঘন করেছেন, তাহলে আপনাকে সঙ্গে সঙ্গে সে ব্যাপারে সেই এইচইউডি কার্যালয়ে জানাতে হবে যারা আপনার অভিযোগের তদন্ত করছিল। এইচইউডি যদি এই সিদ্ধান্তে আসে যে, এটি বিশ্বাস করার মতো যুক্তিসঙ্গত কারণ আছে যে, বিবাদী পক্ষ আপনার মীমাংস চুক্তি উল্লঙ্ঘন করেছেন, তাহলে এইচইউডি-র তরফে চুক্তির শর্তাবলী কার্যকর করার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের ন্যায় বিভাগের কাছে বিবাদী পক্ষের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র জিলা আদালতে একটি মামলা দায়ের করতে বলা হবে।

**রাজ্যের বা স্থানীয় ন্যায্য আবাসন সংস্থার কাছে অভিযোগের সোপর্দঃ** এইচইউডি যদি এই মর্মে সত্যাপন করে যে, আপনার রাজ্যের বা স্থানীয় সরকারি ন্যায্য আবাসন সংস্থার দ্বারা একটি নাগরিক আইন বা অধ্যাদেশ বলবত্ করা আছে যা অধিকার, প্রতিবিধান এবং রক্ষাকবচ দেবার প্রশ্নে ন্যায্য আবাসন আইনের সংস্থানগুলির সঙ্গে "সম্পূর্ণরূপে সমতুল", তাহলে এইচইউডি-কে অনতিবিলম্বে ওই সংস্থাকে আপনার অভিযোগের তদন্ত করার দায়িত্ব অর্পণ করতে হবে এবং সেই সোপর্দ সমপর্কে আপনাকে সঙ্গে সঙ্গে অবহিত করতে হবে। উক্ত রাজ্য বা স্থানীয় সরকারি সংস্থার তরফে "সম্পূর্ণরূপে সমতুল" রাজ্য বা স্থানীয় সরকারের নাগরিক অধিকার আইন বা অধ্যাদেশের অধীনে আপনার অভিযোগের তত্ক্ষণাত্ তদন্ত শুরু করতে হবে। এইচইউডি-র সোপর্দ পাবার 30 দিনের মধ্যে উক্ত রাজ্য বা স্থানীয় সরকারি ন্যায্য আবাসন সংস্থাকে আপনার অভিযোগের তদন্ত শুরু করে দিতে হবে অথবা এইচইউডি অভিযোগটিকে ন্যায্য আবাসন আইনের অধীনে তদন্ত করার জন্য ফিরিয়ে নিতে ("পুনঃসক্রিয়করণ" করতে) পারে।





## যদি এমনটি হয় যে, উচ্ছেদ বা বিক্রির মাধ্যমে আমাকে আমার আবাসন হারাতে হতে চলেছে তাহলে কী হবে?

আপনাকে যদি ন্যায্য আবাসন আইনের উল্লঙ্ঘনের কারণে ঘটা একটি গুরুতর সমস্যা রোধ করার বা আটকানোর জন্য দ্রুত সাহায্যে প্রয়োজন হয়, তাহলে এইচইউডি আপনার অভিযোগ দায়ের করার সঙ্গে সঙ্গেই আপনার সাহায্যে এগিয়ে আসে। এইচইউডি বিবাদী পক্ষের বিরুদ্ধে একটি সাময়িক নিরোধের নির্দেশ (টিআরও) ও তত্‌পরবর্তীতে এইচইউডি-র তদন্ত শেষ না হওয়া পর্যন্ত একটি স্থগিতাদেশ নেবার জন্য মার্কিন যুক্তরাষ্ট্র জিলা আদালতে একটি মামলা দায়ের করার জন্য যুক্তর্ষ্ট্রের ন্যায় বিভাগকে ক্ষমতা প্রদান করতে পারে। একজন যুক্তরাষ্ট্রীয় বিচারপতি বিবাদী পক্ষের বিরুদ্ধে একটি টিআরও এবং তত্‌পরবর্তীতে একটি প্রাথমিক স্থগিতাদেশ দিতে পারেন যেখানেঃ

- এইচইউডি-র তদন্ত ছাড়া আবাসনের অধিকারের অপূরণীয় (অপরিবর্তনীয়) ক্ষতি বা হানি হওয়ার সম্ভাবনা রয়েছে; এবং
- বিবাদী পক্ষ যে ন্যায্য আবাসন আইনের উল্লঙ্ঘন করেছেন তার বলিষ্ঠ প্রমাণ রয়েছে।

**উদাহরণঃ** একজন মালিক একটি বাড়ি বিক্রি করতে রাজি হয়েছেন, কিন্তু, ক্রেতাগণ কৃষ্ণাঙ্গ জানার পর তিনি তা বাজার থেকে সরিয়ে নিয়েছেন, তারপর অনতিবিলম্বে তিনি আবার সেটিকে বিক্রি জন্য বাজারে তালিকাভুক্ত করেছেন। ক্রেতাগণ এইচইউডি-তে একটি অভিযোগ দায়ের করেছেন। এইচইউডি মার্কিন যুক্তরাষ্ট্রের ন্যায় বিভাগকে ক্ষমতা প্রদান করতে পারে এই মর্মে একটি যুক্তরাষ্ট্র জিলা আদালত থেকে স্থগিতাদেশ নিতে যাতে ওই বিক্রেতা অন্য কাউকে তাঁর বাড়ি বিক্রি করতে না পারেন অন্যথায় এইচইউডি-র তদন্ত সম্পূর্ণ না হওয়া পর্যন্ত বিক্রি না করতে পারেন।

## একটি অভিযোগের তদন্ত শেষ হবার পর কী হবে?

**যুক্তিগ্রাহ্য কারণ নির্ধারণ, বৈষম্যের অভিযোগে অভিযুক্তকরণ এবং নির্বাচনঃ** আপনার অভিযোগের তদন্ত যখন শেষ হয়ে যায়, এইচইউডি তখন তদন্ত চলাকালীন সংগৃহীত তথ্য-প্রমাণগুলিকে একত্রিত করে একটি চূড়ান্ত তদন্ত প্রতিবেদন প্রস্তুত করে। এইচইউডি যদি এই সিদ্ধান্তে আসে যে, এটি বিশ্বাসের যুক্তসঙ্গত কারণ রয়েছে যে, বিবাদী পক্ষ(গণ) আপনার সঙ্গে বৈষম্যমূলক আচরণ করেছেন, সেক্ষেত্রে এইচইউডি যুক্তিসঙ্গত কারণ নির্ধারণ এবং বিবদী পক্ষের(গণের) বিরুদ্ধে একটি বৈষম্যের অভিযোগপত্র জারি করতে পারে। এই অভিযোগপত্রের বিজ্ঞপ্তি হাতে পাওয়ার দিন থেকে আপনার ও বিবাদী পক্ষের(গণের) হাতে 20 দিন পর্যন্ত সময় থাকবে এই সিদ্ধান্ত গ্রহণের জন্য যে, আপনাদের মামলাটি এইচইউডি-র প্রশাসনিক আইন বিচারপতি (এএলজে) শুনবেন না কি যুক্তরাষ্ট্র জিলা আদালতে এর দেওয়ানি বিচার হবে।





**এইচইউড-র প্রশাসনিক আইন বিচারপতির শুনানীঃ** 20 দিনের নির্বাচনকাল শেষ হওয়ার আগেই যদি আপনি এবং বিবাদী পক্ষ কেউই না চান যে, যুক্তরাষ্ট্রের আদালতে এর দেওয়ানি বিচার হোক, তাহলে এইচইউডি-র তরফে দ্রুত আপনার মামলাটির শুনানী এইচইউডি এএলজে-তে করার বন্দোবস্ত করা হবে। এই এএলজে শুনানী সেই জায়গায় করার চেষ্টা করা হবে যেখানে বৈষম্যের ঘটনা ঘটেছিল বলে অভিযোগ করা হয়েছে। এএলজে শুনানী চলাকালীন, আপনার এবং বিবাদী পক্ষের(গণের) অধিকার রয়েছে সশরীরে উপস্থিত হওয়ার, আইনজীবীর দ্বারা নিজেদের প্রতিনিধিত্ব করার, সাক্ষ্য-প্রমাণ পেশ করার, সাক্ষীদের জেরা করার এবং প্রমাণ উদ্ধারে সাহায্যের জন্য সমনের অনুরোধ করার। শুনানী চলাকালীন এইচইউডি-র আইনজীবী নিঃখরচায় আপনার প্রতিনিধিত্ব করবেন; তবে, আপনি নিজেও আপনার মামলায় মধ্যস্থতা করতে পারেন এবং নিজের আইনজীবীকে রাখতে পারেন। শুনানীর শেষে, প্রাপ্ত তথ্য-প্রমাণাদির ভিত্তিতে এবং আইনি ব্যবস্থা মোতাবেক এইচইউডি এএলজে একটি আদেশ জারি করবেন। এইচইউডি এএলজে যদি এই সিদ্ধান্তে উপনীত হন যে, বিবাদী পক্ষ(গণ) ন্যায্য আবাসন আইনের উল্লঙ্ঘন করেছেন, তাহলে বিবাদী পক্ষকে(গণকে) নির্দেশ দেওয়া হতে পারেঃ

- আপনার প্রকৃত ক্ষতির ক্ষতিপূরণ করতে, যার মধ্যে পকেট খরচ বাবদ ও অনুভূতিগত ক্লেশজনিত ক্ষতিও সামিল
- চিরতরে স্থগিতের স্বস্তি প্রদান করতে।
- উপযুক্ত ন্যায়সঙ্গত স্বস্তি দিতে (উদাহরণস্বরূপ, আপনাকে আবাসন দেওয়া)।
- আপনার আইনজীবীর ন্যায্য পারিশ্রমিক প্রদান করতে।
- জনস্বার্থের হানি ঘটানোর জন্য এইচইউডি-কে একটি নাগরিক অর্থদণ্ড দিতে। সর্বাধিক নাগরিক অর্থদণ্ড হচ্ছেঃ প্রথমবার আইনের উল্লঙ্ঘনের জন্য 16,000 মার্কিন ডলার; আগের পাঁচ বছর কালের মধ্যে এ ধরনের উল্লঙ্ঘন করে থাকলে 37,500 মার্কিন ডলার; এবং আগের সাত বছরের সময়কালের মধ্যে যদি দুই বা তার বেশি বার এ ধরনের উল্লঙ্ঘনের ঘটনা ঘটে থাকে তাহলে 65,000 মার্কিন ডলার।

**যুক্তরাষ্ট্র জিলা আদালতে দেওয়ানি বিচারঃ** আপনি বা বিবাদী পক্ষ যদি চান যে, এই মামলার যুক্তরাষ্ট্র দেওয়ানি বিচার হোক, তাহলে এইচইউডি-কে অবশ্যই তা বলবত্ করার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের ন্যায় বিভাগের কাছে প্রেরণ করতে হবে। মার্কিন যুক্তরাষ্ট্রের ন্যায় বিভাগের তরফে মার্কিন যুক্তরাষ্ট্রের সেই জিলা আদালতে আপনার হয়ে একটি দেওয়ানি মামলা রুজু করা হবে যেখানে অভিযুক্ত বৈষম্যের ঘটনাটি ঘটেছিল। আপনি নিজেও সেই মামলায় মধ্যস্থতা করতে পারেন এবং আপনার নিজের আইনজীবীকে রাখতে পারেন। আপনি বা বিবাদী পক্ষ জুরি দ্বারা বিচারের জন্য আবেদন করতে পারেন এবং আপনাদের উভয়েরই অধিকার রয়েছে সশরীরে উপস্থিত হওয়ার, আইনজীবীর দ্বারা নিজেদের প্রতিনিধিত্ব করার, সাক্ষ্য-প্রমাণ পেশ





করার, সাক্ষীদের জেরা করার এবং প্রমাণ উদ্ধারে সাহায্যের জন্য সমনের অনুরোধ করার। যুক্তরাষ্ট্রের আদালত যদি আপনার পক্ষে রায় দেয়, তাহলে বিচারপতি বা জুরি বিচারপতিগণ বিবাদী পক্ষের(গণের) উদ্দেশ্যে আদেশ দিতে পারেনঃ

- আপনার প্রকৃত ক্ষতির ক্ষতিপূরণ করতে, যার মধ্যে পকেট খরচ বাবদ ও অনুভূতিগত ক্লেশজনিত ক্ষতিও সামিল
- চিরতরে স্থগিতের স্বস্তি প্রদান করতে।
- উপযুক্ত ন্যায়সঙ্গত স্বস্তি দিতে (উদাহরণস্বরূপ, আপনাকে আবাসন দেওয়া)।
- আপনার আইনজীবীর ন্যায্য পারিশ্রমিক প্রদান করতে।
- আপনাকে শাস্তিমূলক ক্ষতিপূরণ দিতে।

**কোন যুক্তিসঙ্গত কারণ নেই বলে নির্ণয় করা এবং খারিজ করাঃ** এইচইউডি যদি এই সতথ্য উদ্ঘাটিত করে যে, আইনের উল্লঙ্ঘন করা হয়েছে বলে বিশ্বাস করা যেতে পারে এমন কোন যুক্তিসঙ্গত কারণ নেই, তাহলে তারা একটি যুক্তিসঙ্গত কোন কারণ নেই বলে নির্ণয়-সহ আপনার অভিযোগটি খারিজ করে দেবে। এইচইউডি ডাক মারফত্ আপনাকে এবং বিবাদী পক্ষকে(গণকে) এই খারিজ সম্পর্কে অবহিত করবে, এবং আপনি চূড়ান্ত তদন্ত প্রতিবেদনের একটি প্রতিলিপি চাইতে পারেন।

**যুক্তিসঙ্গত কোন কারণ নেই বলে নির্ণয়-এর পুনর্বিবেচনাঃ** ন্যায্য আবাসন আইনে এইচইউডি দ্বারা খারিজ করা অভিযোগের জন্য আনুষ্ঠানিকভাবে আপীল করার কোন প্রক্রিয়ার সংস্থান নেই। তবে, আপনার অভিযোগটি যদি যুক্তিসঙ্গত কোন কারণ নেই বলে নির্ণয়-সহ খারিজ করা হয়, সেক্ষেত্রে আপনি নিম্নোক্ত ঠিকানায় লিখিত আকারে এর পুনর্বিবেচনার জন্য অনুরোধ করতে পারেনঃ অধিকর্তা, এফএইচইও, প্রবর্তন দপ্তর, মার্কিন যুক্তরাষ্ট্রেরর আবাসন ও নগরোন্নয়ন বিভাগ, 451 7th Street, SW, Room 5206, Washington, DC 20410-2000.

## সেই সঙ্গে

**আপনি একটি ব্যক্তিগত মামলাও রুজু করতে পারেনঃ** আপনি প্রথমে এইচইউডি-তে একটি অভিযোগ দায়ের না করেও সরাসরি ব্যক্তিগত মামলাও রুজু করতে পারেন। বৈষম্যমূলক আচরণের সাম্প্রতিকতম তারিখ থেকে শুরু করে পরবর্তী দুই (2) বছরের মধ্যে আপনাকে আপনার মামলাটি রুজু করতে হবে।

আপনি যদি এইচইউডি-তে অভিযোগ দায়ের করে থাকেন এবং এমনকি এইচইউডি যদি আপনার অভিযোগটি খারিজ করে দেয়, তাহলেও ন্যায্য আবাসন আইন আপনাকে বিবাদী পক্ষের(গণের) বিরুদ্ধে যুক্তরাষ্ট্র জিলা আদালতে একটি ব্যক্তিগত মামলা রুজু করার অধিকার প্রদান করে। এইচইউডি যে সময়ে আপনার অভিযোগের





প্রক্রিয়াকরণ করে সেই সময়কাল আপনার 2-বছর সময়কালের মধ্যে অন্তর্ভুক্ত করা হয় না। আপনাকে এই ব্যক্তিগত মামলাটি নিজের খরচে রুজু করতে হবে; তবে, আপনার যদি একজন আইনজীবী নিয়োগ করার সামর্থ্য না থাকে, সেক্ষেত্রে আদালতের তরফে আপনার হয়ে একজন আইনজীবী নিয়োগ করা হতে পারে।
এমনকি এইচইউডি-র কাছে আপনার অভিযোগ প্রক্রিয়াকরণরত থাকা সত্ত্বেও আপনি বিবাদী পক্ষের বিরুদ্ধে একটি ব্যক্তিগত মামলা রুজু করতে পারেন, যদি না (1) আপনি আপনার এইচইউডি অভিযোগের সুরাহার জন্য একটি এইচইউডি মীমাংসা চুক্তিতে স্বাক্ষর করে থাকেন; অথবা (2) প্রশাসনিক আইন বিচারপতি ইতিমধ্যেই আপনার অভিযোগের প্রশাসনিক শুনানী শুরু করে দিয়ে থাকেন।

**আবাসন সংক্রান্ত বৈষম্যের বিরুদ্ধে লড়াইয়ের অন্যান্য হাতিয়ারসমূহঃ**

- প্রশাসনিক আইন বিচারপতির আদেশের যদি অপালন করা হয়, তাহলে এইচইউডি সাময়িক স্বস্তি চাইতে পারে, আদেশ কার্যকরম করতে বলতে পারে অথবা মার্কিন যুক্তরাষ্ট্রের আপীল আদালতে নিরোধক আদেশ চাইতে পারে।
- আবাসন সংক্রান্ত বৈষম্যের ঘটনা ঘটছে এমন ছক বা পদ্ধতি রয়েছে বলে বিশ্বাস করার মতো যথেষ্ট যুক্তিসঙ্গত কারণ থাকলে মহান্যায়বাদী (অ্যাটর্নি জেনারেল) যুক্তরাষ্ট্র জিলা আদালতে একটি মামলা রুজু করতে পারেন।



# টীকা

ন্যায্য আবাসন সকলের জন্য সমান সুযোগ



# টীকা



# টীকা



# টীকা

## আরও তথ্যের জন্য

এই পুস্তিকার উদ্দেশ্য হচ্ছে ন্যায্য আবাসন পাবার আপনার অধিকারগুলিকে একত্রিত করা। ন্যায্য আবাসন আইন ও এইচইউডি নিয়মাবলীতে এ সম্পর্কে আরও বিস্তারিত তথ্যাবলী ও প্রয়োগিক তথ্যাবলী দেওয়া আছে। আপনি যদি এই আইন বা নিয়মাবলীর প্রতিলিপি চান, তাহলে দয়া করে আপনার নিকটবর্তী এইচইউডি ন্যায্য আবাসন দপ্তরে যোগাযোগ করুন। এইচইউডি-র ন্যায্য আবাসন দপ্তরগুলির একটি তালিকা 7-10 পৃষ্ঠায় দেখুন।



## এইচইউডি-র সঙ্গে সংযোগ করুন

**আবাসন ও নগরোন্নয়ন বিভাগ**
**কক্ষ 5204**
**Washington, DC 20410-2000**

02305

HUD-1686-1-FHEO
2011

দয়া করে আমাদের ওয়েবসাইট দেখুনঃ www.hud.gov/fairhousing